

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৬

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

২। আজ ২৯ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.১৫ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, রংপুর, দিনাজপুর, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর পুনঃ ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ২৯ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষ বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশে উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও বিক্ষিপ্ত ভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৫	৩৩.৩	৩৬.৬	৩৪.৮	৩৫.৮	৩০.০	৩৬.২	৩৩.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.২	২৫.৮	২৪.২	২৫.৭	২৬.৮	২৪.১	২৬.২	২৬.৫

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৬.২° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা ডিমলা ২৪.১° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- গঙ্গা-পদ্মা ও কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪-৪৮ ঘন্টায়, বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের (জলপাইগুড়ি, সিকিম) বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। এর ফলে উক্ত সময়ে মূলতঃ

দেশের উত্তরাঞ্চলের প্রধান (তিস্তা, আপার আত্রাই, ধরলা, দুধকুমার, আপার করতোয়া, টাঙ্গন, পুনর্ভবা ও কুলিখ) নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

- আগামী ২৪ ঘন্টায় তিস্তা নদীর ডালিয়া পয়েন্টে, ধরলা নদীর কুড়িগ্রাম পয়েন্টে, দুধকুমার নদীর পাটেশ্বরী পয়েন্টে এবং করতোয়া নদীর পঞ্চগড় পয়েন্টে পানি সমতল বৃদ্ধি পেয়ে বিপদসীমার উপরে অথবা কাছাকাছি অবস্থান করতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট ও সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে, অপরদিকে নেত্রকোণা, কিশোরগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলার বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৩৯	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হাস	৬৬	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৪	বিপদসীমার উপরে	০৭
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা			০৫
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০৬

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৯ জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
১	সিলেট	কানাইঘাট	সুরমা	১৩.৬২	+২৪	১২.৭৫	+৮৭
২	সিলেট	অমলশীদ	কুশিয়ারা	১৬.৫৪	-২০	১৫.৪০	+১১৪
৩	সিলেট	শেওলা	কুশিয়ারা	১৩.৪৭	-০৩	১৩.০৫	+৪২
৪	সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	৬.৬৭	+০২	৬.৫৫	+১২
৫	নেত্রকোণা	খালিয়াজুড়ি	বাউলাই	৬.৫৬	+০১	৬.৫৫	+০১
৬	নেত্রকোণা	কলমাকান্দা	সোমেশ্বরী	৬.৭৭	০০	৬.৫৫	+২২
	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া	তিতাস	৫.১২	-০৮	৫.০৫	+০৭

বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
সুনামগঞ্জ	১৯৬.০	লালাখাল (সিলেট)	১৯৫.০	জাফলং (সিলেট)	১৭৭.০
ছাতক (সিলেট)	১৭৫.০	ডালিয়া (নীলফামারী)	১৪৮.০	পাটেশ্বরী (কুড়িগ্রাম)	১৩৭.০
পঞ্চগড়	১২৯.০	সিলেট	১২৮.০	কানাইঘাট (সিলেট)	১১৫.০

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
পাসিঘাট (অরুণাচল)	১৮৩.০	জলপাইগুড়ি (পশ্চিম বঙ্গ)	৯৭.০
চেরাপুঞ্জি (মেঘালয়)	৯৬.০	দিব্রুগড় (আসাম)	৮২.০

৫। অতিবৃষ্টি, পাহাড়ী ও উজান থেকে পানি আসার কারণে দেশের কয়েকটি জেলার সার্বিক বন্যা পরিস্থিতিঃ

বন্যা উপদ্রুত জেলার সংখ্যা	=	১৮	টি
বন্যা উপদ্রুত উপজেলার সংখ্যা	=	১১৬	টি
বন্যা উপদ্রুত ইউনিয়ন সংখ্যা	=	৬৮১	টি

পানিবন্দি পরিবার সংখ্যা	=	৭৬৩৮০১	টি
বন্যায় ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	=	৭১০৭৭৩৭	জন
বন্যায় মৃতের সংখ্যা	=	১২	জন
বরাদ্দকৃতজিআর চাল	=	২২০০	মে.টন
(বিতরণ 6859.94 মে.টন)			
বরাদ্দকৃতজিআর ক্যাশ	=	42500000.00	টাকা
(বিতরণ 59833750.00 টাকা)			
বরাদ্দকৃতশিশুখাদ্য	=	4000000.00	টাকা
(বিতরণ 4270000.00 টাকা)			
বরাদ্দকৃত গো-খাদ্য	=	4000000.00	টাকা
(বিতরণ 3850000.00 টাকা)			
বরাদ্দকৃত শুকনা খাবার	=	103000	প্যাকেট
(বিতরণ ৭৩৪৯৩ প্যাকেট)			
বরাদ্দকৃত চেউটিন	=	0	বান্ডিল
(বিতরণ ০ বান্ডিল)			
বরাদ্দকৃত গৃহনির্মাণ মঞ্জুরী বাবদ	=	0.00	টাকা
(বিতরণ 0.00 টাকা)			
আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা	=	২০৯৩	টি
আশ্রিত লোক সংখ্যা	=	১৬৯৯১৩	জন
** জিআর চাল, গো-খাদ্য ও শিশুখাদ্য পূর্বের মজুদ থেকে বিতরণ করা হয়েছে।			

৬। বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০১/০৪/২০২২খ্রিঃ থেকে ২৯/০৬/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বরাদ্দঃ

ক্রঃ নং	জেলার নাম	ত্রাণ কার্য (চাল) (মেঃটন)	ত্রাণ কার্য (নগদ) অর্থ (টাকা)	শুকনা ও অন্যান্য খাবার (প্যাকেট/বস্তা)	শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ (টাকা)	গো- খাদ্য খাদ্য ক্রয় বাবদ অর্থ (টাকা)
১।	হবিগঞ্জ	১০০	৩০,০০,০০০/-	৪,০০০		
২।	মৌলভীবাজার	৩০০	৬২,৫০,০০০/-	২,০০০	১০,০০,০০০/-	১০,০০,০০০/-
৩।	শেরপুর	১৫০	১১,০০,০০০/-	৪,০০০		
৪।	জামালপুর	৩০০	২২,০০,০০০/-	৮,০০০		
৫।	নেত্রকোনা	৪০০	৮০,০০,০০০/-	৯,০০০	১০,০০,০০০/-	১০,০০,০০০/-
৬।	কিশোরগঞ্জ	১০০	১০,০০,০০০/-	৪,০০০		
৭।	নীলফামারী	-	৫,০০,০০০/-	৩,০০০		
৮।	সিলেট	২০০০	২,১৫,০০,০০০/-	৪৩,০০০	১০,০০,০০০/-	১০,০০,০০০/-
৯।	সুনামগঞ্জ	১৩২০	২,০৮,০০,০০০/-	৩৮,০০০	১০,০০,০০০/-	১০,০০,০০০/-
১০।	রংপুর			৩,৫০০		
১১।	কুড়িগ্রাম	২০০	৩০,০০,০০০/-	১,০০০		
১২।	ব্রাহ্মণবাড়ীয়া	৪০০	১১,৫০,০০০/-	২,০০০		
১৩।	লালমনিরহাট	৩৫০	৯,০০,০০০/-	-		
১৪।	কুমিল্লা	২০০	১৭,০০,০০০/-	১,৭০০		

	মোট	৫,৮২০	৭,১১,০০,০০০/-	১,২৩,২০০	৪০,০০,০০০/-	৪০,০০,০০০/-
--	-----	-------	---------------	----------	-------------	-------------

৮। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৮ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	১৫	০	০



২৯-৬-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৬/১(১৭২)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯

২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৪) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২৯-৬-২০২২

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা